তারিখ ... 20 JUN 2016 ...
পৃষ্ঠা ...৪... কলাম ...৬...

# ঈদের আগেই শিক্ষক-কর্মচারীদের বেতন বোনাস দাবি

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চলতি জুন মাসের বেতন ও পূর্ণাঙ্গ ঈদ বোনাস আসন্ন ঈদুল ফিতরের আগেই প্রদান করার দাবি জানিয়েছেন শিক্ষক নেতারা।

গতকাল রোববার 'বাংলাদেশ শিক্ষক সমিতি'র (বাশিস) কেন্দ্রীয় সভাপতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী মো. নজরুল ইসলাম রনি এবং সমিতির মহাসচিব মো. রিয়াজ উদ্দিন এক যৌথ বিবৃতিতে এ দাবি জানান। শিক্ষক নেতারা বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীরা খুব কম সময়ই ঈদের আগে তাদের ঈদ বোনাস পেয়ে থাকেন। যথাসময়ে ঈদ বোনাস ও বেতন ছাড় করা না হলে এবারও ঈদুল ফিতরের, আগে শিক্ষক-কর্মচারীরা জুন মাসের বেতন ও ঈদ বোনাস পাবেন না। ফলে পরিবার পরিজন নিয়ে শিক্ষক-কর্মচারীরা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হবেন। তাই আগামী ২৬ তারিখের মধ্যে চলতি জুন মাসের বেতন ও পূর্ণাঙ্গ ঈদ বোনাস জাতীয় পে-স্কেল অনুযায়ী প্রদান করতে হবে। একই সঙ্গে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ করার ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন শিক্ষক নেতৃবৃন্দ।

বিবৃতিতে স্বাক্ষর করেন– বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহসভাপতি মীর আবদুল মালেক, মহাসচিব মো. রিয়াজ উদ্দিন, সহসভাপতি মো. আমিনুল ইসলাম, সিনিয়র যুগ্ম মহাসচিব মো. রফিকুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সভাপতি মঞ্জুরুল আমিন শেখর, মহাসচিব মো. বদরুজ্জামান বাদল প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।